2

আজকের কাগজ

তারিখ ... 05 NOV 1994 ...
পৃষ্ঠা ৭ কলাম ৫

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সর্বদলীয় ছাত্রঐক্যের ডাকে সর্বাত্মক অবরোধ আজ থেকে শুরু

**চট্টগ্রাম অফিস :** আজ থেকে সর্বদলীয় ছাত্র ঐক্যের আহ্বানে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে সন্ত্রাসী ছাত্র শিবিরকে উৎখাত ও সন্ত্রাসীদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে অবরোধ কর্মসূচির প্রথমদিন শুরু হচ্ছে। সর্বদলীয় ছাত্র ঐক্যের সাত দফা দাবির মধ্যে রয়েছে সন্ত্রাসীদের বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার, হল থেকে অস্ত্র উদ্ধার, হল খালি করা, দায়ী প্রভোস্টদের অপসারণ, পরীক্ষা স্থগিত করা ইত্যাদি। দাবিগুলো পূরণ না হওয়া পর্যন্ত সর্বাত্মক কর্মসূচি চলবে।

উল্লেখ্য, ১০ দিন ধরে ছাত্রদল এককভাবে অবরোধ কর্মসূচি পালন করছে। গতকাল সর্বদলীয় ছাত্রঐক্যের একসভা ছাত্রফ্রন্ট কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন জাতীয়তাবাদী দলের সহ সভাপতি ইফতেখার হোসেন চৌধুরী।

কর্মসূচি অনুযায়ী পর্যায়ক্রমে বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন সংযোগ কেটে দেয়া হবে। সন্ত্রাসীদের যাবতীয় সুবিধা থেকে বঞ্চিত করার লক্ষ্যেই এটা করা হবে।